

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.৫১.০১৭.২৩-৪১৭

তারিখ : ১৪ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৫

বিষয়: পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তি (রঞ্জীন) বহুল প্রচলিত ০৭ (সাত)টি জাতীয় দৈনিক পত্রিকায় (একাধিক সংস্করণ প্রকাশিত হলে উভয় সংস্করণের) প্রথম বা শেষ পৃষ্ঠায় আগামী ০২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তিগুলোর ০১ (এক) টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



ফিটনেস অনুপযোগী মোটরযান চালনার উপর বিধিনিষেধ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট মোটরযান মালিক ও মোটরযান চালকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ২৪(১) অনুযায়ী কোনো ব্যক্তি আইনের পরিপন্থি কোনো কার্য সম্পাদন করলে কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন স্থগিত বা, ক্ষেত্রমত, বাতিল করার বিধান রয়েছে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ২৫ অনুযায়ী মোটরযান ফিটনেস সনদ ব্যতীত বা মেয়াদ উত্তীর্ণ ফিটনেস সনদ ব্যবহার করে বা ইকনোমিক লাইফ অতিক্রান্ত বা ফিটনেসের অনুপযোগী, ঝুঁকিপূর্ণ বা ক্ষতিগ্রস্ত, রংচটা, কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত নির্ধারিত রং পরিবর্তন করে জরাজীর্ণ, বিবর্ণ বা পরিবেশ দূষণকারী কোনো মোটরযান চালনা বা চালনার অনুমতি প্রদান করা যাবে না। উক্ত আইনের ধারা ৭৫ অনুযায়ী “যদি কোনো ব্যক্তি ২৫ এর বিধান লঙ্ঘন করেন, তা হলে উক্ত লঙ্ঘন হবে একটি অপরাধ, এবং তজ্জন্য তিনি অনধিক ০৬(ছয়) মাসের কারাদন্ড, বা অনধিক ২৫(পঁচিশ) হাজার টাকা অর্থদন্ড, বা উভয় দন্ডে দন্ডিত হবেন”।

২। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ফিটনেস সনদ ব্যতীত বা ফিটনেস অনুপযোগী মোটরযান চালনার কারণে সড়ক, মহাসড়কে দুর্ঘটনার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আইন বহির্ভূত এ ধরনের কার্যক্রমের কারণে মানুষের মূল্যবান জীবনহানি হচ্ছে ও অজ্ঞাহানি হয়ে আজীবনের জন্য পঞ্জুহবরণ করছেন।

৩। এমতাবস্থায়, ফিটনেস অনুপযোগী মোটরযান সড়কে চালনা না করা বা চালনার অনুমতি প্রদান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অন্যথায়, সংশ্লিষ্ট মোটরযান মালিক ও চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ

পরিচালক (এনফোর্সমেন্ট)
বিআরটিএ সদর কার্যালয়
বনানী, ঢাকা-১২১২।

২৯-০৩-২৫
মোঃ ফারুক আহমেদ
উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং-২)
ফোন : ০২-৫৫০৪০৭৪৩
ই-মেইল : dde2@brta.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রোগ্রামার বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি বিআরটিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।